| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

# কক্সবাজার পৌরসভা কার্যালয়
## কক্সবাজার।

স্মারক নং-কপৌ/২০২৪/১৯৯

তারিখ: ২৫-০২-২০২৪

## পৌর পরিষদের মাসিক সভার কার্য বিবরণী:

| | | |
|---|---|---|
| সভার সভাপতি | : | জনাব মোঃ মাহাবুবুর রহমান চৌধুরী, মেয়র, কক্সবাজার পৌরসভা। |
| সভার তারিখ ও সময় | : | ২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি. তারিখ সকাল ১১.০০ ঘটিকা। |
| সভার স্থান | : | পৌরসভা সম্মেলন কক্ষ। |

সভার উপস্থিতি

| ক্র: নং | নাম | পদবী | স্বাক্ষর (স্বাক্ষরিত) |
|---|---|---|---|
| ১. | জনাব সালাউদ্দীন সেতু | প্যানেল মেয়র-১ | ঐ |
| ২. | জনাব ওমর ছিদ্দিক লালু | প্যানেল মেয়র-২ | ঐ |
| ৩. | জনাব ইয়াছমিন আকতার | প্যানেল মেয়র-৩ | ঐ |
| ৪. | জনাব এস.আই.এম.আক্তার কামাল আজাদ | কাউন্সিলর, ১ নং ওয়ার্ড | ঐ |
| ৫. | জনাব মিজানুর রহমান | কাউন্সিলর, ২ নং ওয়ার্ড | ঐ |
| ৬. | জনাব মোহাম্মদ আমিনুল ইসলাম মুকুল | কাউন্সিলর, ৩ নং ওয়ার্ড | ঐ |
| ৭. | জনাব এহেছান উল্লাহ | কাউন্সিলর, ৪ নং ওয়ার্ড | ঐ |
| ৮. | জনাব সাহাব উদ্দিন সিকদার | কাউন্সিলর, ৫ নং ওয়ার্ড | ঐ |
| ৯. | জনাব ওসমান সরওয়ার টিপু | কাউন্সিলর, ৭ নং ওয়ার্ড | ঐ |
| ১০. | জনাব রাজ বিহারী দাশ | কাউন্সিলর, ৮ নং ওয়ার্ড | ঐ |
| ১১. | জনাব মোঃ হেলাল উদ্দিন | কাউন্সিলর, ৯ নং ওয়ার্ড | ঐ |
| ১২. | জনাব নুর মোহাম্মদ মাঝু | কাউন্সিলর, ১১ নং ওয়ার্ড | ঐ |
| ১৩. | জনাব এম এ মনজুর | কাউন্সিলর, ১২ নং ওয়ার্ড | ঐ |
| ১৪. | জনাব শাহেনা আকতার পাখি | মহিলা কাউন্সিলর, ১,২,৩ নং ওয়ার্ড | ঐ |
| ১৫. | জনাব জাহেদা আকতার | মহিলা কাউন্সিলর, ৭,৮,৯ নং ওয়ার্ড | ঐ |
| ১৬. | জনাব নাছিমা আকতার | মহিলা কাউন্সিলর, ১০,১১,১২ নং ওয়ার্ড | ঐ |

আলোচ্যসূচী:

১। বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।
২। উন্নয়ন সংক্রান্ত আলোচনা ও পিডিপি উপস্থাপন।
৩। আয়-ব্যয় উপস্থাপন ও অনুমোদন।
৪। বিবিধ।

সভাপতি উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করে বলেন, WC ও TLCC পরামর্শ ও প্রস্তাবসহ পৌরসভার উন্নয়নকল্পে ২০২৩ সাল থেকে ২০২৭ খ্রি. এর মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের নিমিত্তে গৃহীত প্রকল্প সংশোধিত পিডিপি নির্বাহী প্রকৌশলী সভায় উপস্থাপন করবেন। ইতিপূর্বে ইউজিপের বিভিন্ন প্রকল্পের আওতায় কক্সবাজার পৌরসভায় বাস্তবায়িত উন্নয়ন প্রকল্পসমূহ অপারেশন ম্যানটেইনেজ প্ল্যান উপস্থাপন করবেন। এই বিষয়গুলোর বিশদ আলোচনার প্রয়োজন আছে। পৌর নির্বাহী কর্মকর্তাকে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানোর অনুরোধ করেন।

অদ্যকার সভার আলোচ্যসূচীর আলোকে সকলকে আলোচনায় অংশগ্রহনের জন্য অনুরোধ জানান।

| ক্র:নং | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | বিগত সভার কার্য বিবরণী পাঠ ও অনুমোদন।<br>সভাপতির অনুমতিক্রমে পৌর নির্বাহী কর্মকর্তা বিগত সভার কার্য বিবরনী সভায় পাঠ করে শুনালে বিস্তারিত আলোচনা হয়। | সবিস্তার আলোচনান্তে,<br>সবিস্তার আলোচনান্তে বিগত সভার কার্য বিবরনী সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | বিভাগীয় প্রধান (সকল), শাখা প্রধান (সকল) |
| ২ | উন্নয়ন সংক্রান্ত আলোচনা:<br>উক্ত আলোচ্যসূচীর আলোকে নিম্নমতে আলোচনা হয়; | | |

| | | | |
|---|---|---|---|
| ২.১ | সভাপতির অনুমতিক্রমে নির্বাহী প্রকৌশলী জনাব পরাক্রম চাকমা কক্সবাজার পৌর এলাকায় ২০২৩-২০২৭ খ্রি. এর মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের জন্য গৃহীত সংশোধিত পিডিপি'র সভায় উপস্থাপন করেন। এই বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সবিস্তার আলোচনান্তে,<br>উপস্থাপিত সংশোধিত পিডিপি সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ২.২ | নির্বাহী প্রকৌশলী কক্সবাজার পৌরসভায় ইতিপূর্বে বিভিন্ন উন্নয়ন প্রকল্পের আওতায় বাস্তবায়িত অবকাঠামো উন্নয়ন ড্রেইন, কালভার্ট, রাস্তা ও সড়কবাতি উন্নয়ন প্রকল্প সমূহের দীর্ঘ স্থায়ীত্ব রক্ষণাবেক্ষণের লক্ষ্যে অপারেশন এন্ড ম্যানটেইনেজ প্ল্যান বাস্তবায়ন ও অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। | সবিস্তার আলোচনান্তে,<br>উপস্থাপিত অপারেশন এন্ড ম্যানটেইনেজ প্ল্যানটি সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ২.৩ | ক) কক্সবাজার পৌরসভার বর্জ্য ব্যবস্থাপনার জন্য ল্যান্ড ফিল্ড এর জমি অধিগ্রহণে জমি পছন্দ করা হয়েছে। পৌরসভার স্বার্থে জরুরী ভিত্তিতে ল্যান্ড ফিল্ডের জন্য জমি অধিগ্রহণের ব্যবস্থা নিতে হবে।<br>খ) মিঠাছড়ির জৈব সার কারখানার জমির বাউন্ডারী ওয়াল না থাকায় অবৈধ দখলে চলে যাচ্ছে। বাউন্ডারী ওয়াল নির্মাণ করা একান্ত আবশ্যক। | সবিস্তার আলোচনান্তে,<br>ক) জরুরী ভিত্তিতে ল্যান্ড ফিল্ডের জন্য জমি অধিগ্রহণে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) মিঠাছড়ির জৈব সারকারখানার জমিতে বাউন্ডারী নির্মাণের জন্য সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ২.৪ | নির্বাহী প্রকৌশলীর সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, সদর হাসপাতালের রাস্তা বড় করার জন্য শর্ত সাপেক্ষে মা ও শিশু কেন্দ্রের বাউন্ডারী ওয়াল ও সেফটি ট্যাংক ভেঙে ফেলা হয়। রাস্তার কাজ শেষ হলেও বাউন্ডারী ওয়াল এবং সেফটি ট্যাংক পুনঃনির্মাণ করে দেওয়া হয়নি। | বিস্তারিত আলোচনান্তে<br>মা ও শিশু কেন্দ্রের বাউন্ডারী ওয়াল ও সেফটি ট্যাংক পুনঃ নির্মাণে সর্বসম্মতক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রধান নির্বাহী কর্মকর্তা,<br>নির্বাহী প্রকৌশলী |
| ২.৫ | কোভিড-১৯ প্রকল্পের আওতায় পৌরসভার বিভিন্ন গৃহীত প্রকল্প সমূহের জনস্বার্থে রাস্তা ও ড্রেইনের ভেরিয়েশন করে বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে বলে সভাকে জানান। | বিস্তারিত আলোচনান্তে<br>প্রস্তাবমতে জনস্বার্থে প্রকল্প বাস্তবায়নে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, |
| ২.৬ | পবিত্র ঈদুল ফিতর ও ঈদুল আযহা ২০২৪ এর প্রধান জামাতের জন্য প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। স্বল্প সময়ের মধ্যে টেন্ডার আহ্বান করা প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে<br>ঈদ জামাতের টেন্ডার আহবান করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩ | জনাব হেলাল উদ্দিন, কাউন্সিলর, ৯নং ওয়ার্ড, কক্সবাজার পৌরসভা ঈদের পূর্বে সড়ক বাতি সচল রাখার জন্য এলইডি লাইট ২০০০টি এবং তার ৫০০০ মিটার RFQ"র মাধ্যমে জরুরী ভিত্তিতে সংগ্রহের জন্য প্রস্তাব করেন।<br>তিনি সড়ক, ড্রেন, সড়কবাতি সংক্রান্ত ইত্যাদি অবকাঠামো মেরামত এবং সংস্কার করার জন্য বিভিন্ন সরঞ্জাম ক্রয়ের প্রস্তাব দেন। | সবিস্তার আলোচনান্তে<br>ঈদের পূর্বে সড়ক বাতি সচল রাখার জন্য জনগুরুত্বপূর্ণ বিধায় এলইডি লাইট ২০০০টি এবং ৫০০০ মিটার RFQ'র মাধ্যমে জরুরী সংগ্রহের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>সড়ক, ড্রেন, সড়কববাতি সংক্রান্ত ইত্যাদি অবকাঠামো মেরামত এবং সংস্কার করার জন্য সরঞ্জাম ক্রয়ের সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩.১ | জনাব এম.এ মঞ্জুর, কাউন্সিলর, ১২নং ওয়ার্ড, কক্সবাজার পৌরসভা সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, ইতিপূর্বে টেন্ডার থেকে বাতিল হওয়া প্যাজেকসহ ওয়ার্ড ভিত্তিক জরুরী স্কীমসমূহ পুনরায় দরপত্র আহ্বায়নের মাধ্যমে বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণের জন্য প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে<br>বাতিল হওয়া প্যাকেজসমূহ ও ওয়ার্ড ভিত্তিক জরুরী স্কীমসমূহ পুনরায় দরপত্র আহ্বায়নের মাধ্যমে বাস্তবায়নের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩.২ | জনাব সাহাব উদ্দিন, কাউন্সিলর, ০৫নং ওয়ার্ড, সবাইকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, ৫ এবং ৬নং ওয়ার্ডের জলাবদ্ধতা নিরসনের জন্য সামরাই খালটি ইতিপূর্বে পরিমাপসহ চিহ্নিত করে দিয়ে | বিস্তারিত আলোচনান্তে,<br>সামরাই খালের অবৈধ দখল উচ্ছেদ এবং গাইড ওয়াল দিয়ে খাল খননের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | আসলেও পরে খালের বেশির ভাগ জায়গা জবর দখল হয়ে যায়। জরুরী ভিত্তিতে খাল খনন ও অবৈধ দখলদারদের উচ্ছেদ করে উভয় পাশে গাইড ওয়াল নির্মাণ করে খাল খননের প্রস্তাব করেন। | | |
| ৩.৩ | জনাব রাজ বিহারী দাশ, কাউন্সিলর সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, দরপত্র বিজ্ঞপ্তি নং-০৫/২০১৫-২০১৬, গ্রুপ নং-৫৮, কাজের নাম ঘোনার পাড়া কৃষ্ণানন্দ ধাম মন্দির এর উন্নয়ন। বর্ণিত কাজের ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স হাবিবুল ইসলাম কর্তৃক কাজটি সঠিকভাবে বাস্তবায়ন করেছেন। এমতাবস্থায়, উক্ত কাজের ৪,৭৪,৬১২/- (চার লক্ষ চুয়াত্তর হাজার ছয়শত বার) টাকা চুড়ান্ত বিল প্রদানের প্রস্তাব করেন।<br>এই বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | সবিস্তার আলোচনান্তে,<br>৪,৭৪,৬১২/- (চার লক্ষ চুয়াত্তর হাজার ছয়শত বার) টাকা চুড়ান্ত বিল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩.৪ | জনাব ওসমান সরওয়ার টিপু, কাউন্সিলর সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, জরুরী ভিত্তিতে ইসলামপুর আলির ঘোনায় ওয়ামী একাডেমীর পাশে ক্রস ড্রেন নির্মান ও সড়কের এপ্রোচ নির্মাণ করা প্রয়োজন। | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩.৫ | জনাব মোঃ হেলাল উদ্দিন, কাউন্সিলর সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, দক্ষিণ ঘোনার পাড়া কমান্ডার বশর সড়কের বর্ধিতাংশ নির্মাণ কাজ জরুরী ভিত্তিতে বাস্তবায়নের প্রস্তাব করেন। | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩.৬ | জনাব সালাউদ্দিন সেতু, প্যানেল মেয়র-১ সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, সদর হাসপাতালের জরুরী বিভাগের সামনের সড়কের প্রশস্ত করনের জন্য মা ও শিশু কল্যাণ কেন্দ্রের বাউন্ডারী ভেঙ্গে নতুন বাউন্ডারী ওয়াল ও সেফটি ট্যাংক নির্মাণ ও ড্রাইভারের রুম নির্মানের প্রস্তাব করেন। | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩.৭ | উপস্থিত সকল কাউন্সিলর নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br>ক। ১১ নং ওয়ার্ড পশ্চিম বাহারছড়া ইসমাইল পাড়ার সড়ক ও ড্রেন সংস্কার কাজ।<br>খ। ৩ নং ওয়ার্ডশেখ রাসেল সড়ক ও ফায়ার সার্ভিস সড়ক সংস্কার কাজ।<br>গ। ২ নং ওয়ার্ড রাখাইন শ্মাসানের পাশে ড্রেন নির্মাণ।<br>ঘ। ৮ নং ওয়ার্ড শংকরমঠ সড়ক ও জব্বার গলি সংস্কার কাজ। | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩.৮ | জনাব সাহাব উদ্দিন সিকদার, কাউন্সিলর সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, এস এম পাড়ায় ব্রিকস ড্রেন ও ক্রস ড্রেন জরুরী ভিত্তিতে নির্মান প্রয়োজন। | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৩.৯ | জনাব এম এ মনজুর, কাউন্সিলর সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, ফাতের ঘোনা কবরস্থান সড়কের পাশে ড্রেন নির্মাণ ও রাস্তার বালি ভরাট করণ কাজ। | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৪ | জনাব সাহাব উদ্দিন সিকদার, কাউন্সিলরদ্বয় সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, নিম্নোক্ত প্রকল্প জরুরী ভিত্তিতে বাস্তবায়ন করা প্রয়োজন।<br>ক। ৫ নং ওয়ার্ড এডভোকেট আক্তার হেলালের বাড়ি হতে কলিম উল্লাহর বাড়ি পর্যন্ত এবং চারটি লিংক | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |

| | | | |
|---|---|---|---|
| | কাচা রাস্তার বালি ভরাট ও ব্রীক ড্রেন নিমাণ।<br>খ। আলীল জাহাল ফিরোজ আহমদ রোডের ব্রিক ড্রেন নির্মান ও বালি ভরাট কাজ। | | |
| ৪.১ | জনাব রাজ বিহারী দাশ, কাউন্সিলর সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন, ঘোনার পাড়া সোনালী সংঘ সংলগ্ন সড়ক ও সিড়ি এবং বইল্যা পাড়া মাষ্টার নুরুল হক সড়কের ড্রেন জরুরী ভিত্তিতে নির্মাণ করা প্রয়োজন। | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৪.২ | সভাপতি সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন,<br>ক। কক্সবাজার জজ কোর্ট এর ভিতরে ব্রীজ রাস্তা, টাইলস করণ, দরজা-জানালা করণ, প্রয়োজনীয় কাগজপত্র রাখার জন্য আসবাবপত্র জরুরী ভিত্তিতে নির্মানের প্রস্তাব করেন।<br>খ। কক্সবাজার কেন্দ্রীয় শহীদ মিনারের পাশে কোরাল রীফ রোকেয়া পারিজাত ভবনের সামনে আরসিসি রাস্তা ও ফুটপাতের কাজ করণ। | সবিস্তার আলোচনান্তে,<br>আলোচনায় উপস্থাপিত প্রকল্প সরজমিন পরিদর্শণ পূর্বক পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহনের সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী |
| ৫ | সভাপতির অনুমতিক্রমে হিসাব রক্ষণ কর্মকর্তা জনাব জয়নাল চৌধুরী ২৪-০২-২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করলে বিস্তারিত আলোচনা হয়। | সবিস্তার আলোচনান্তে,<br>উপস্থাপিত আয়-ব্যয় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলের সর্বাঙ্গীন মঙ্গল কামনা করেন এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোঃ মাহাবুবুর রহমান চৌধুরী
মেয়র
কক্সবাজার পৌরসভা।

স্মারক নং-কপৌ/২০২৪/১৯৯

তারিখঃ ২৫-০২-২০২৪খ্রি.

**অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩। জেলা প্রশাসক, কক্সবাজার।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, কক্সবাজার।
৫। কাউন্সিলর (সকল), কক্সবাজার পৌরসভা।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা,কক্সবাজার পৌরসভা।
৭। নির্বাহী প্রকৌশলী, কক্সবাজার পৌরসভা।
৮। পৌর নির্বাহী কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা।
৯। সহকারী প্রকৌশলী, কক্সবাজার পৌরসভা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার পৌরসভা।
১১। জনাব.................................................................সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী, কক্সবাজার পৌরসভা।
১২। অফিস কপি।

মোঃ মাহাবুবুর রহমান চৌধুরী
মেয়র
কক্সবাজার পৌরসভা